গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw .gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫- ২১৫

তারিখঃ ৩০.০১.১৪২৪ বঙ্গাব্দ
৩০.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

# আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জ গত ১৪.১০.২০১৪খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৬.০২.২০১৫খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫-১৩১নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১০.০২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫-১২১নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৫.০৩.২০১৭ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৪৪.২০১৬-৪০নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১২.০৪.২০১৭ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৪.১০.২০১৪খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
৩০.০৪.২০১৭
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫- ২১৫/১(১২)

তারিখঃ ৩০.০৪.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জ (স্থায়ী ঠিকানাঃ পিতা- মোঃ শামসুল হক সরকার, বাড়ী নং-০১, রোড নং-০১, নিকুঞ্জ-০২, খিলক্ষেত, ঢাকা)।

২৭/০৪/২০১৭

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৭- ২১৮ | তারিখঃ ২৭.০৪.২০১৭খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ সহেলী আহমেদ (১১০৪৪৮), সহকারী অধ্যাপক (নেফ্রোলজি), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা, সিআর মামলা নং-২০/১৬ (ধারা ৪৯৪/৫০৯ পেনাল কোড) এর ওয়ারেন্ট বলে গত ১৭.১০.২০১৬খ্রিঃ তারিখে শাহবাগ থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কোর্ট হাজতে প্রেরণ পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ করা হন এবং পরবর্তীতে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন প্রাপ্ত হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ সহেলী আহমেদ (১১০৪৪৮), সহকারী অধ্যাপক (নেফ্রোলজি), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকাকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১৭.১০.২০১৬খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

২৭.৪.২০১৭
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ সহেলী আহমেদ (১১০৪৪৮)
সহকারী অধ্যাপক (নেফ্রোলজি)
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৭-২১৮/১(১০) | তারিখঃ ২৭.০৪.২০১৭খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ কলেজ, ঢাকা।
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ কলেজ হাসপাতাল, ঢাকা।
৫। যুগ্মসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
৮। উপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০। ডাঃ সহেলী আহমেদ (১১০৪৪৮), সহকারী অধ্যাপক (নেফ্রোলজি), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

27/04/2017
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

C:\Users\Disc1\Desktop\New folder\Order (N) Provisional dismissal.doc